

রাশিয়ায় ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশে ভাষণ দিলেন প্রধানমন্ত্রী শ্রীনন্দ্র মোদী

জুলাই 09, 2024

আজ মস্কোতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী একটি অনুষ্ঠানে, রাশিয়ায় বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মতামত বিনিময় করেছেন। সম্প্রদায়ের সদস্যরা বিশেষ উষ্ণতা এবং শ্রদ্ধার সঙ্গে তাঁকে স্বাগত জানান।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণের মাধ্যমে ভারতীয় প্রবাসীদের উষ্ণ অভ্যর্থনার প্রতি ধন্যবাদ জানান এবং ভারত-রাশিয়া সম্পর্ক উন্নয়নে তাঁদের উল্লেখযোগ্য অবদানের প্রশংসা করেন। ১.৪ বিলিয়ন ভারতীয়দের পক্ষ থেকে তাঁদের শুভেচ্ছা জানিয়ে তিনি উল্লেখ করেন যে, তাঁর তৃতীয় ঐতিহাসিক মেয়াদে প্রবাসীদের প্রতি এটি ছিল তাঁর প্রথম এবং বিশেষ ভাষণ।

প্রধানমন্ত্রী গত দশ বছরে ভারতের দৃশ্যমান রূপান্তর সম্পর্কে আলোচনা করেন। এটি সকল ভারতীয়ের জন্য অত্যন্ত গর্বের বিষয়। তিনি উল্লেখ করেন যে, তাঁর তৃতীয় মেয়াদে সরকারের লক্ষ্য বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে উপনীত হওয়া। তিনি ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধি, যা বৈশ্বিক প্রবৃদ্ধির একটি উল্লেখযোগ্য অংশ; তার ডিজিটাল এবং ফিনটেক সাফল্য; তার সবুজ উন্নয়নের কৃতিত্ব; এবং সাধারণ মানুষকে ক্ষমতায়নকারী প্রভাবশালী সামাজিক-অর্থনৈতিক প্রোগ্রাম সম্পর্কেও কথা বলেন। তিনি জোর দিয়ে বলেন যে ভারতের রূপান্তরমূলক সাফল্য ১.৪ বিলিয়ন ভারতীয়দের উৎসর্গ, প্রতিশ্রুতি এবং অবদানের জন্যই সাফল্যলাভে সক্ষম হয়েছে, যারা প্রত্যেকে আজ ভারতকে একটি উন্নত দেশ গড়ে তোলার লক্ষ্যে নিরন্তর নিয়োজিত। তিনি উল্লেখ করেন যে ভারত, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা থেকে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য তার প্রতিশ্রুতিবদ্ধ প্রচেষ্টার মাধ্যমে, বৈশ্বিক সমৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। তিনি আরও উল্লেখ করেন যে বর্তমান সময়ে বৈশ্বিক সমস্যার সমাধানে শান্তি, সংলাপ এবং কূটনীতি প্রয়োজনের জন্য ভারতের আহ্বান অত্যন্ত প্রাসঙ্গিকতা অর্জন করতে সক্ষম হয়েছে।

প্রধানমন্ত্রী ভারতীয় সম্প্রদায়কে রাশিয়ার সাথে আরও শক্তিশালী এবং গভীর অংশীদারিত্ব গড়ে তোলার জন্য সক্রিয় ভূমিকা অগ্রসর করার প্রতি উৎসাহিত করেন। তিনি উল্লেখ করেন যে কাজান এবং একাটেরিনবার্গে দুটি নতুন ভারতীয় কনস্যুলেট খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে যা জনগণের সঙ্গে সম্পর্ককে আরও বাড়িয়ে তুলবে। এই ঘোষণাটি ব্যাপক প্রশংসার সঙ্গে গ্রহণ করা হয়। তিনি রাশিয়ায় ভারতীয় সাংস্কৃতিক ঐতিহ্য লালন ও পুষ্টি এবং এর প্রাণবন্ততা রাশিয়ান জনগণের সঙ্গে ভাগ করে নেওয়ার জন্য সম্প্রদায়ের প্রচেষ্টার প্রশংসা করেন।

মস্কো

জুলাই 09, 2024